গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শুল্ক-১ শাখা
www.ird.gov.bd

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০৩১.২৪-৪২

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৬ মে ২০২৪

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ World Customs Organization (WCO), ব্রাসেলস, বেলজিয়ামে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং মিনিস্টার (কাস্টমস) পদে কর্মকর্তা নিয়োগ।**

World Customs Organization (WCO), ব্রাসেলস, বেলজিয়াম-এ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং মিনিস্টার (কাস্টমস) পদে নিয়োগের নিমিত্ত বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারের যোগ্য ও আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|
| WCO-তে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং মিনিস্টার (কাস্টমস) | ০১ (এক) টি | বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারভুক্ত কমিশনার/ সমপর্যায়ের কর্মকর্তা (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-৩ এর কর্মকর্তা)। | World Customs Organization (WCO)-এ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং মিনিস্টার (কাস্টমস) হিসেবে যাবতীয় কার্যক্রম সম্পাদন। |

**শর্তাবলি :**

১। বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারের যোগ্য ও আগ্রহী কমিশনার/সমপর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৫ জুন ২০২৪ তারিখের মধ্যে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবিসহ সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবর আবেদন করতে হবে;

২। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে;

৩। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮/১২/১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১/০৭/২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের নীতিমালা অনুসরণ করা হবে;

চলমান পাতা-০২

৪। এ পদের জন্য শুধু সমবেতন স্কেলের কর্মকর্তা আবেদন করতে পারবেন। এক ধাপ উচ্চ বেতনস্কেলের অথবা নিম্ন বেতনস্কেলের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

৫। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ মিশনের একই পদ বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

৬। যে সকল কর্মকর্তার চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৭। ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচিত হবে না।

৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি-র প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: জীবন বৃত্তান্ত ছক ০১ (এক) পাতা।

২৬.৫.২০২৪
বনানী বিশ্বাস
উপসচিব
ফোন : ০২-৫৫১০১১৮৮

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০৩১.২৪-**৪২/১(৮)**

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৬ মে ২০২৪

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৪। কমিশনার/মহাপরিচালক (সকল) ..........................................।
০৫। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
০৭। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। যুগ্মসচিব (শুল্ক) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

২৬.৫.২০২৪
বনানী বিশ্বাস
উপসচিব

সংযোজনী-১

# জীবন বৃত্তান্ত ফরম

০১। নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) :

০২। বর্তমান আবাসিক ঠিকানা :

০৩। স্থায়ী ঠিকানা :

০৪। জন্ম তারিখ :

০৫। পদবি এবং বর্তমান কর্মস্থল :

০৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

০৭। বর্তমান বেতনস্কেল :

০৮। প্রথম শ্রেণির চাকরিতে যোগদানের তারিখ :

০৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত) :

১০। ইতোপূর্বে যে সকল দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ বিবরণ (তারিখ উল্লেখপূর্বক) :

১১। বিগত ০৫ বছর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :

১২। শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে) :

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশি | | | |

১৪। বাংলা ও ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :

১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :

১৬। বিবাহিত/অবিবাহিত :

১৭। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :

১৮। প্রার্থিত পদের নাম :

১৯। অন্যান্য বিষয়াদি (যদি থাকে) :

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বর :

অফিস :

বাসা :

D:\Robiul\Appointment\WCO\নিয়োগ বিজ্ঞপ্তি.docx8